

পরিশিষ্ট

শিক্ষাক্রম অনুযায়ী ষষ্ঠ-দ্বাদশ শ্রেণির শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য

লক্ষ্য

শিক্ষার্থীর সার্বিক বিকাশের মাধ্যমে মানবিক, সামাজিক ও নৈতিক গুণসম্পন্ন জ্ঞানী, দক্ষ, যুক্তিবাদী ও সৃজনশীল দেশপ্রেমিক জনসম্পদ সৃষ্টি।

উদ্দেশ্য

১. শিক্ষার্থীর সুপ্ত প্রতিভা ও সম্ভাবনা বিকাশের মাধ্যমে সৃজনশীলতা, কল্পনা ও অনুসন্ধিৎসা বৃদ্ধিতে সহায়তা করা।
২. শিক্ষার্থীর মধ্যে মানবিক গুণাবলি, যেমন- নৈতিক মূল্যবোধ, সততা, অধ্যবসায়, সহিষ্ণুতা, শৃঙ্খলা, আত্মবিশ্বাস, সদাচার, অন্যের প্রতি শ্রদ্ধাবোধ, নান্দনিকতাবোধ, সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ও ন্যায়বিচারবোধ সুদৃঢ়ভাবে গ্রথিত করা।
৩. মহান ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধের চেতনা ও অসাম্প্রদায়িক মূল্যবোধের আলোকে শিক্ষার্থীর মধ্যে দেশপ্রেম, জাতীয়তাবোধ ও গণতান্ত্রিক মূল্যবোধ জাগ্রত করা এবং সম্ভাবনাময় নাগরিক হিসাবে বেড়ে উঠতে সহায়তা করা।
৪. শিক্ষার্থীর মধ্যে বাংলাদেশ সম্পর্কে সুসংহত জ্ঞানের ভিত রচনা তথা এর ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, আর্থ-সামাজিক ও গণতান্ত্রিক রাজনৈতিক চর্চার প্রতি আগ্রহ ও যোগ্যতা সৃষ্টির মাধ্যমে বৈশ্বিক প্রেক্ষাপটে দেশের প্রগতি ও উন্নয়নে অবদান রাখতে সক্ষম করে গড়ে তোলা।
৫. শ্রমের মর্যাদা, কাজের অভ্যাস ও কাজ করতে আগ্রহী হওয়ার প্রতি ইতিবাচক মনোভাব বিকশিত করা যাতে শিক্ষার্থী ব্যক্তিগত এবং দলগত উভয় ধরনের কাজ সম্পাদনে নৈতিকতা ও দায়িত্বশীলতার পরিচয় দিতে পারে।
৬. সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগ রক্ষায় শিক্ষার্থীর প্রমিত বাংলা ভাষার দক্ষতা সুদৃঢ় ও সুসংহত করা এবং নিয়মিত পাঠ্যভ্যাস গড়ে তোলা।
৭. বাংলা সাহিত্যের অন্তর্নিহিত নান্দনিক সৌন্দর্য, শৃঙ্খলা এবং সখ্য উপভোগ ও উদঘাটনে শিক্ষার্থীর যোগ্যতা বিকশিত করা।
৮. আধুনিক কর্মক্ষেত্র, উচ্চশিক্ষাসহ সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগের প্রয়োজনে ইংরেজি ভাষার মৌলিক দক্ষতাসমূহ অর্জনের মাধ্যমে শিক্ষার্থীকে যোগ্য করে গড়ে তোলা।
৯. শিক্ষার্থীকে গাণিতিক যুক্তি, পদ্ধতি ও দক্ষতার সাথে পরিচিত করানো এবং জীবন ঘনিষ্ঠ ও বিশ্বের পারিপার্শ্বিক সমস্যা সমাধানের জন্য গণিতের প্রায়োগিক দক্ষতা বিকশিত করা।
১০. শিক্ষার্থীকে প্রযুক্তির প্রতি আগ্রহী করে তোলা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে আত্মবিশ্বাসী, উৎপাদনশীল এবং সৃজনশীল হিসাবে তৈরি করা।
১১. শিক্ষার্থী যাতে জীবনমান উন্নয়নের জন্য জীবন ঘনিষ্ঠ বিভিন্ন সমস্যা অনুসন্ধান ও সমাধানে বৈজ্ঞানিক প্রক্রিয়া ও পদ্ধতি প্রয়োগ করতে পারে সে লক্ষ্যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ও যোগ্যতা অর্জনে সহায়তা করা।
১২. দেশে এবং বহির্বিশ্বের প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ এবং জলবায়ুর পরিবর্তনের উপর গুরুত্বারোপ করে পরিবেশগত উপাদান সম্পর্কে শিক্ষার্থীদের পরিচিত করা। একই সাথে সংশ্লিষ্ট সকলের কল্যাণের জন্য ঐ সকল উপাদানকে নিয়ন্ত্রণ ও ব্যবহার করার যোগ্যতা অর্জনে সহায়তা করা।
১৩. খাদ্য ও পুষ্টি, শারীরিক সক্ষমতা, রোগ-ব্যাদি, প্রজনন স্বাস্থ্য এবং ব্যক্তিগত নিরাপত্তা ইত্যাদির উপর গুরুত্বারোপ করে শিক্ষার্থীকে স্বাস্থ্যসম্মত জীবনযাপনের প্রয়োজনীয় জ্ঞান, জীবন দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনে সহায়তা করা।
১৪. শিক্ষার্থীর মনে নিজ নিজ ধর্মীয় বিশ্বাস ও মূল্যবোধ জাগ্রত করার পাশাপাশি অন্য ধর্ম ও ধর্মাবলম্বীদের প্রতি শ্রদ্ধাশীল হতে সহায়তা করা।
১৫. শিক্ষার্থীর মধ্যে বাঙালি এবং ক্ষুদ্র জাতি-গোষ্ঠীর নারী-পুরুষ, বর্ণ, গোত্র, ভাষা, সংস্কৃতি, বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষের প্রতি ভ্রাতৃত্ব ও শ্রদ্ধাবোধ সৃষ্টি করা।

১৬. শিক্ষার্থীর দৈহিক ও মানসিক বিকাশের লক্ষ্যে সহশিক্ষাক্রমিক কার্যাবলি- খেলাধুলা, শরীরচর্চা, সাংস্কৃতিক কর্মকাণ্ড, চারু ও কারুকলা অনুশীলনের নিয়মিত অভ্যাস গড়ে তোলা।
১৭. জীবনব্যাপী শিক্ষায় আগ্রহী ও যোগ্য করার জন্য শিক্ষার্থীর ব্যক্তিগত ও সামাজিক জীবন, আধুনিক কর্মক্ষেত্র এবং স্ব-কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি সুদৃঢ় করা।
১৮. সহযোগিতামূলক কাজ করার মাধ্যমে শিক্ষার্থীর নেতৃত্ব, সহযোগিতা ও যোগাযোগ দক্ষতা বিকাশে সক্ষম করা।

বিষয়: পৌরনীতি ও নাগরিকতা

বিষয়ভিত্তিক উদ্দেশ্য

১. পৌরনীতি ও নাগরিকতা বিষয়টির গুরুত্ব উপলব্ধি করে সৃজনশীল, দক্ষ ও নৈতিক মূল্যবোধসম্পন্ন নাগরিক হিসেবে গড়ে উঠতে উদ্বুদ্ধ হওয়া।
২. পরিবার, সমাজ, রাষ্ট্র ও সরকার ব্যবস্থায় নাগরিকের অবস্থান, মর্যাদা, গুরুত্ব ও সম্ভাবনা অনুধাবন করে নিজ ভূমিকা পালন করা।
৩. নাগরিক অধিকার ও কর্তব্য সম্পর্কে জানা এবং অধিকার ভোগ ও কর্তব্য পালনের মাধ্যমে সুনাগরিক হওয়া।
৪. আইন, স্বাধীনতা ও সাম্য সম্পর্কে জ্ঞান লাভ করার মাধ্যমে আইনের শাসনের প্রতি শ্রদ্ধাশীল হওয়া।
৫. গণতান্ত্রিক মূল্যবোধ অর্জনের মাধ্যমে ধর্ম-বর্ণ-শ্রেণি-পেশা-লিঙ্গ নির্বিশেষে সকলের প্রতি সমান আচরণ করতে শেখা।
৬. রাষ্ট্র পরিচালনার নিয়মাবলি জেনে সে অনুযায়ী কর্মসম্পাদনে উদ্বুদ্ধ হওয়া।
৭. বাংলাদেশের রাজনৈতিক দল, সরকার এবং নির্বাচন ব্যবস্থা সম্বন্ধে যথার্থ ধারণা লাভ করে নাগরিক হিসেবে গঠনমূলক ভূমিকা পালনে উদ্বুদ্ধ হওয়া।
৮. নাগরিক জীবনের সমস্যা ও তার সমাধানের উপায় জেনে নিজ দায়িত্ব পালনে উদ্যোগী হওয়া।
৯. ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের চেতনা ও আদর্শ এবং অসাম্প্রদায়িক মূল্যবোধের চেতনায় দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়া।
১০. নাগরিক হিসেবে স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক সংগঠন সম্পর্কে জ্ঞান লাভের মাধ্যমে নিজ ভূমিকা ও কর্তব্য পালনে সচেতন হওয়া।

মাধ্যমিক স্তরের কারিকুলাম অনুযায়ী বিষয়বস্তু ও শিখনফল
বিষয়: পৌরনীতি ও নাগরিকতা

প্রথম অধ্যায় : পৌরনীতি ও নাগরিকতা

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. পৌরনীতি ও নাগরিকতা বিষয়ের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. পৌরনীতি ও নাগরিকতা বিষয়ের পরিসর ও বিষয়বস্তু ব্যাখ্যা করতে পারবে। ৩. পৌরনীতি পাঠের প্রয়োজনীয়তা বিশ্লেষণ করতে পারবে। ৪. পরিবার, সমাজ, রাষ্ট্র, ও সরকারের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৫. রাষ্ট্রের উৎপত্তির ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৬. পরিবার, সমাজ, রাষ্ট্র ও সরকারের সম্পর্ক বিশ্লেষণ করতে পারবে।	<ul style="list-style-type: none"> ● পৌরনীতি ও নাগরিকতা ● পৌরনীতি ও নাগরিকতা বিষয়ের পরিসর <ul style="list-style-type: none"> ○ পরিবার ○ সমাজ ○ রাষ্ট্র ও এর উপাদান ○ সরকার ○ রাষ্ট্রের উৎপত্তি

দ্বিতীয় অধ্যায়: নাগরিক ও নাগরিকতা

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. নাগরিক ও নাগরিকতার ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. নাগরিকতার অর্জনের উপায় বর্ণনা করতে পারবে। ৩. দ্বৈত নাগরিকতা ব্যাখ্যা করতে পারবে। ৪. সূনাগরিকতার ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৫. নাগরিক অধিকার ও কর্তব্যের ধারণা বর্ণনা করতে পারবে। ৬. নাগরিক অধিকার ও কর্তব্যের সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে। আবেগিক ৭. নাগরিক দায়িত্ব ও কর্তব্য পালনে আগ্রহী হবে।	<ul style="list-style-type: none"> ● নাগরিক ও নাগরিকতার ধারণা ● নাগরিকতা অর্জনের উপায় ● দ্বৈত নাগরিকতা ● সূনাগরিকের বৈশিষ্ট্য ● নাগরিকের অধিকার ● নাগরিকের কর্তব্য

তৃতীয় অধ্যায়: আইন, স্বাধীনতা ও সাম্য

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. আইন, স্বাধীনতা ও সাম্যের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. আইনের উৎস বর্ণনা করতে পারবে। ৩. আইন, স্বাধীনতা ও সাম্যের সম্পর্ক বিশ্লেষণ করতে পারবে। ৪. আইনের শাসনের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে। আবেগিক: ৫. আইনের প্রতি আনুগত্য প্রদর্শন করবে এবং আইন মেনে চলবে।	<ul style="list-style-type: none"> ● নাগরিক ও আইন ● নাগরিক ও স্বাধীনতা ● নাগরিক জীবন ও সাম্য ● নাগরিক জীবনে আইনের শাসন

চতুর্থ অধ্যায়: রাষ্ট্র ও সরকারব্যবস্থা

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. বিভিন্ন ধরনের রাষ্ট্র ও সরকার ব্যবস্থা বর্ণনা করতে পারবে। ২. বিভিন্ন সরকার ও রাষ্ট্র ব্যবস্থায় নাগরিকের অবস্থান ও সরকারের সঙ্গে সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে। ৩. গণতন্ত্র ও একনায়কত্বের পার্থক্য নির্ণয় করতে পারবে। আবেগিক: ৪. গণতান্ত্রিক আচরণ শিখতে ও তা প্রয়োগ করতে উদ্বুদ্ধ হবে।	<ul style="list-style-type: none"> ● রাষ্ট্রের প্রকারভেদ ও নাগরিকের সাথে সম্পর্ক ● বিভিন্ন ধরনের সরকার ব্যবস্থা ● গণতন্ত্র ● একনায়কতন্ত্র

পঞ্চম অধ্যায়: সংবিধান

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. সংবিধানের ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। ২. সংবিধান প্রণয়নের পদ্ধতি বর্ণনা করতে পারবে। ৩. উত্তম সংবিধানের বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে। ৪. বাংলাদেশে সংবিধান রচনার ইতিহাস বর্ণনা করতে পারবে। ৫. বাংলাদেশের সংবিধানের বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবে। ৬. বাংলাদেশের সংবিধানের সংশোধনীসমূহ বর্ণনা করতে পারবে।	<ul style="list-style-type: none"> ● সংবিধান ও এর গুরুত্ব ● বিভিন্ন ধরনের সংবিধান ও এর বৈশিষ্ট্য ● সংবিধান প্রণয়ন পদ্ধতি ● উত্তম সংবিধানের বৈশিষ্ট্য ● বাংলাদেশের সংবিধান ও এর বৈশিষ্ট্য ● বাংলাদেশের সংবিধানের সংশোধনীসমূহ

ষষ্ঠ অধ্যায় : বাংলাদেশের সরকার ব্যবস্থা

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. বাংলাদেশ সরকারের স্বরূপ বর্ণনা করতে পারবে। ২. বাংলাদেশের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভার ক্ষমতা ও কার্যাবলী বর্ণনা করতে পারবে। ৩. বাংলাদেশের প্রশাসনিক কাঠামো বর্ণনা করতে পারবে। ৪. বাংলাদেশের আইনসভার গঠন, ক্ষমতা ও কার্যাবলি বর্ণনা করতে পারবে। ৫. বাংলাদেশের বিচার বিভাগের গঠন, ক্ষমতা ও কার্যাবলি বর্ণনা করতে পারবে।	<ul style="list-style-type: none"> ● বাংলাদেশের শাসন বিভাগ <ul style="list-style-type: none"> ○ রাষ্ট্রপতি: ক্ষমতা ও কার্যাবলী ○ প্রধানমন্ত্রী: ক্ষমতা ও কার্যাবলী ○ মন্ত্রিসভা: গঠন, ক্ষমতা ও কার্যাবলী ● বাংলাদেশের প্রশাসনিক কাঠামো ● বাংলাদেশের আইনসভা <ul style="list-style-type: none"> ○ জাতীয় সংসদ : গঠন, ক্ষমতা ও কার্যাবলী ● বাংলাদেশের বিচারব্যবস্থা <ul style="list-style-type: none"> ○ সুপ্রীম কোর্ট ○ হাইকোর্ট ○ নিম্ন আদালত

সপ্তম অধ্যায় ০৭: গণতন্ত্রে রাজনৈতিক দল ও নির্বাচন (১৮ পিরিয়ড)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তিক ১. রাজনৈতিক দলের ধারণা ও বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবে। ২. গণতন্ত্রের বিকাশে রাজনৈতিক দলের ভূমিকা বিশ্লেষণ করতে পারবে। ৩. বাংলাদেশের প্রধান প্রধান রাজনৈতিক দলের বর্ণনা দিতে পারবে। ৪. গণতন্ত্র ও নির্বাচনের সম্পর্ক নিরূপণ করতে পারবে। ৫. বাংলাদেশের নির্বাচন কমিশনের গঠন, ক্ষমতা ও কার্যাবলী বর্ণনা করতে পারবে। আবেগীয় ৬. গণতান্ত্রিক আচরণ করতে উদ্বুদ্ধ হতে	<ul style="list-style-type: none"> ● রাজনৈতিক দলের ধারণা ● রাজনৈতিক দলের বৈশিষ্ট্য ● রাজনৈতিক দলের কার্যাবলী ● গণতন্ত্র বিকাশে রাজনৈতিক দল ● বাংলাদেশের রাজনৈতিক দলব্যবস্থা ● নির্বাচন ● নির্বাচন কমিশন ● বাংলাদেশের নির্বাচন কমিশন

অষ্টম অধ্যায় : বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা

শিখনফল	বিষয়বস্তু
<p>বুদ্ধিবৃত্তিক</p> <p>১. বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থার গঠন, ক্ষমতা ও কার্যাবলী বর্ণনা করতে পারবে।</p> <p>২. বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থার বিভিন্ন স্তরের পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ করতে পারবে।</p> <p>৩. নাগরিকতার বিকাশে স্থানীয় সরকারের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।</p> <p>৪. নাগরিক সুযোগ-সুবিধা প্রদানের ক্ষেত্রে স্থানীয় সরকারের গুরুত্ব বর্ণনা করতে পারবে।</p>	<ul style="list-style-type: none"> স্থানীয় সরকার <ul style="list-style-type: none"> ইউনিয়ন পরিষদ : গঠন ও কার্যাবলী উপজেলা পরিষদ: গঠন ও কার্যাবলী জেলা পরিষদ: গঠন ও কার্যাবলী পৌরসভা : গঠন ও কার্যাবলী সিটি কর্পোরেশন: গঠন ও কার্যাবলী পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ: গঠন ও কার্যাবলী নাগরিকতার বিকাশে স্থানীয় সরকার

নবম অধ্যায়: নাগরিক সমস্যা ও আমাদের করণীয়

শিখনফল	বিষয়বস্তু
<p>বুদ্ধিবৃত্তিক</p> <p>১. আমাদের নাগরিক জীবনের প্রধান সমস্যাগুলো চিহ্নিত করতে পারবে।</p> <p>২. জনসংখ্যা সমস্যার কারণ ও এর প্রভাব এবং সমাধানের উপায় বিশ্লেষণ করতে পারবে।</p> <p>৩. নিরক্ষরতার কারণ, প্রভাব ও সমাধানের উপায় বর্ণনা করতে পারবে।</p> <p>৪. খাদ্য নিরাপত্তাজনিত সংকটের কারণ ও প্রতিকারের উপায় ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৫. পরিবেশগত দুর্যোগের ধারণা বর্ণনা করতে পারবে।</p> <p>৬. পরিবেশগত দুর্যোগ মোকাবেলার উপায় বর্ণনা করতে পারবে।</p> <p>৭. সম্ভ্রাস ও জঙ্গিবাদের উৎস, সমাজ জীবনে এর প্রভাব এবং এর নিরসনের উপায় ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৮. নারী নির্যাতনের কারণ ও প্রতিকারের উপায় বর্ণনা করতে পারবে।</p> <p>৯. নাগরিক সমস্যা সমাধানে নাগরিকের ভূমিকা নির্ণয় করতে পারবে।</p> <p>আবেগীয় :</p> <p>১০. নাগরিক সমস্যা সমাধানে আগ্রহী হবে</p>	<ul style="list-style-type: none"> নাগরিক সমস্যা <ul style="list-style-type: none"> জনসংখ্যা: সমস্যা ও প্রতিকার নিরক্ষরতা : কারণ ও প্রতিকার খাদ্য নিরাপত্তা: সংকট ও প্রতিকার পরিবেশগত দুর্যোগ পরিবেশগত দুর্যোগ : মোকাবেলায় করণীয় সম্ভ্রাস ও জঙ্গিবাদ : প্রতিকারে করণীয় নারী নির্যাতন: বিভিন্ন রূপ ও প্রতিকার

দশম অধ্যায়: বাংলাদেশ ও আন্তর্জাতিক সংগঠন

শিখনফল	বিষয়বস্তু
<p>বুদ্ধিবৃত্তিক :</p> <p>১. জাতিসংঘের গঠন, উদ্দেশ্য বর্ণনা করতে পারবে।</p> <p>২. জাতিসংঘ ও বাংলাদেশের সম্পর্ক বর্ণনা করতে পারবে।</p> <p>৩. জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের ভূমিকা ব্যাখ্যা করতে পারবে।</p> <p>৪. কমনওয়েলথের গঠন, উদ্দেশ্য এবং বাংলাদেশের সাথে এর সম্পর্ক বর্ণনা করতে পারবে।</p> <p>৫. ওআইসি-র গঠন, উদ্দেশ্য এবং বাংলাদেশের সাথে এর সম্পর্ক বর্ণনা করতে পারবে।</p> <p>৬. সার্কের গঠন, উদ্দেশ্য এবং বাংলাদেশের সাথে এর সম্পর্ক বিশ্লেষণ করতে পারবে।</p>	<ul style="list-style-type: none"> জাতিসংঘ কমনওয়েলথ ওআইসি সার্ক

পরিশিষ্ট: 'গ'

শিখনফল ম্যাপ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড -----/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

এসএসসি/দাখিল পরীক্ষা ২০২.....

বিষয়: পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: ১১১

LO নং	অধ্যায় ১			অধ্যায় ২			অধ্যায় ৩			অধ্যায় ৪			অধ্যায় ৫			অধ্যায় ৬			অধ্যায় ৭			অধ্যায় ৮			অধ্যায় ৯			অধ্যায় ১০		
	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ
১																														
২																														
৩																														
৪																														
৫																														
৬																														
৭																														
৮																														
৯																														
১০																														
১১																														
১২																														
১৩																														
১৪																														
১৫																														
মোট																														

বহুনির্বাচনি প্রশ্নের দক্ষতার স্তর নির্ণয়

বিষয় : পৌরনীতি ও নাগরিকতা

<p>১. পারিবারিক গঠন ও কাঠামোর ভিত্তিতে পরিবার কোনটি?</p> <p>ক. একক</p> <p>খ. পিতৃতান্ত্রিক</p> <p>গ. একপত্নীক</p> <p>ঘ. মাতৃতান্ত্রিক</p> <p>২. রাজনৈতিক দলের প্রধান কাজ কোনটি?</p> <p>ক. নেতৃত্বের বিকাশ ঘটানো</p> <p>খ. নির্বাচনে অংশগ্রহণ করা</p> <p>গ. সরকার গঠন করা</p> <p>ঘ. কর্মসূচি তৈরি করা</p> <p>৩. বিদেশে অবস্থানকালীন নাগরিকদের নিরাপত্তা রক্ষা কোন ধরনের স্বাধীনতা?</p> <p>ক. ব্যক্তি স্বাধীনতা</p> <p>খ. সামাজিক স্বাধীনতা</p> <p>গ. রাজনৈতিক স্বাধীনতা</p> <p>ঘ. জাতীয় স্বাধীনতা</p> <p>৪. সমাজ গঠনের উদ্দেশ্য কী?</p> <p>ক. মানুষের আচরণ নিয়ন্ত্রণ করা</p> <p>খ. নানাবিধ চাহিদা পূরণ করা</p> <p>গ. প্রতিযোগিতার মাধ্যমে উন্নতি করা</p> <p>ঘ. শিক্ষিত জনগোষ্ঠী তৈরি করা</p> <p>নিচের উদ্দীপকটি পড় এবং ৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:</p> <p>দিনমজুর ফরিদ মিয়ার সাথে প্রাথমিক শিক্ষা শেষ করার পর পরই ফাতেমার বিয়ে হয়। ফরিদ ও ফাতেমার সংসারে এখন পাঁচ মেয়ে ও এক ছেলে।</p> <p>৫. উদ্দীপকে জনসংখ্যা বৃদ্ধির কোন কারণটি ফুটে উঠেছে?</p> <p>ক. বাল্যবিবাহ</p> <p>খ. দারিদ্র্য</p> <p>গ. শিক্ষার অভাব</p> <p>ঘ. সামাজিক দৃষ্টিভঙ্গি</p> <p>৬. বাংলাদেশের তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলুপ্ত করা হয় সংবিধানের কততম সংশোধনিত ?</p> <p>ক. দশম</p> <p>খ. দ্বাদশ</p> <p>গ. ত্রয়োদশ</p> <p>ঘ. পঞ্চদশ</p>	<p>৭. নাগরিকের কর্তব্য কোনটি?</p> <p>ক. সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হওয়া</p> <p>খ. সরকারি চাকুরীতে যোগদান করা</p> <p>গ. বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া</p> <p>ঘ. সন্তানকে স্কুলে ভর্তি করা</p> <p>৮. কোন পদ্ধতিতে বাংলাদেশের সংবিধান প্রণীত হয়েছে ?</p> <p>ক. বিপ্লব</p> <p>খ. অনুমোদন</p> <p>গ. ক্রমবিবর্তন</p> <p>ঘ. আলাপ-আলোচনা</p> <p>৯. জেলা প্রশাসকের উন্নয়নমূলক কাজ কোনটি?</p> <p>ক. রাস্তার দুইধারে গাছ লাগানো</p> <p>খ. আধুনিক কৃষি উপকরণ সহজলভ্য করা</p> <p>গ. নদী ভাঙন কবলিতদের আবাসনের ব্যবস্থা করা</p> <p>ঘ. এলাকার ময়লা আবর্জনা ফেলার স্থান নির্ধারণ করা</p> <p>নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নম্বর প্রশ্নের উত্তর দাও:</p> <p>বিদ্যালয়ের সততা সংঘ নির্বাচনে দুটি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করে। দুটি প্যানেলই ব্যাপক প্রচার, হ্যান্ডবিল বিতরণ, মিটিং ইত্যাদির মাধ্যমে সাধারণ শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করে। সাধারণ শিক্ষার্থীরা গোপন ব্যালট এর মাধ্যমে দুটি প্যানেল থেকে ১০ জন প্রতিনিধি নির্বাচন করে।</p> <p>১০. প্যানেল দুটির কাজে রাজনৈতিক দলের কোন ভূমিকা প্রকাশ পায়?</p> <p>ক. সরকার গঠন</p> <p>খ. জনমত তৈরি</p> <p>গ. সামাজিক ঐক্য প্রতিষ্ঠা</p> <p>ঘ. রাজনৈতিক শিক্ষাদান</p> <p>১১. উদ্দীপকে প্রতিনিধি নির্বাচনের প্রক্রিয়াটির ফলে দেশে-</p> <p>i. নেতৃত্বের বিকাশ হয়</p> <p>ii. রাজনৈতিক শিক্ষার প্রসার ঘটে</p> <p>iii. রাষ্ট্রপতির ক্ষমতা বৃদ্ধি পায়</p> <p>নিচের কোনটি সঠিক ?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>
---	---

<p>১২. একজন সাংসদ একটানা কত কার্যদিবস সংসদে অনুপস্থিত থাকলে তার পদ বাতিল হয়ে যায়?</p> <p>ক. ৫০ খ. ৫৬ গ. ৬০ ঘ. ৯০</p> <p>১৩. পরিবারের রাজনৈতিক কাজ কোনটি?</p> <p>ক. শিশুকে স্কুলে ভর্তি করা খ. বয়স্কদের সম্মান করা গ. সিদ্ধান্ত গ্রহণে সদস্যদের মতামত নেয়া ঘ. একে অপরের কাজে সাহায্য করা</p> <p>১৪. কোনটি ব্যক্তি সম্পর্কিত আইন?</p> <p>ক. আইন শৃঙ্খলা রক্ষা করা খ. চুক্তি ও দলিল সংক্রান্ত গ. শান্তি বজায় রাখা ঘ. ব্যক্তির অধিকার নিশ্চিত করা</p> <p>নিচের উদ্দীপকটি পড় এবং ১৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:</p> <p>ঘূর্ণিঝড় মোরার মোকাবেলায় ভোলার জেলা প্রশাসক রেডক্রিসেন্টসহ স্বেচ্ছাসেবক সদস্যদের সাথে নিয়ে গুলনা খাবার, অ্যান্ডুলেন্স এবং ঔষধ প্রস্তুত রাখেন।</p> <p>১৫. জেলা প্রশাসকের উদ্যোগটি কোন ধরনের কাজ?</p> <p>ক. প্রশাসনিক খ. আর্থিক গ. স্থানীয় শাসন ঘ. উন্নয়নমূলক</p> <p>১৬. জাতিসংঘের কোন সংস্থা বিশ্বের অনুন্নত অঞ্চলের তত্ত্বাবধান করে?</p> <p>ক. সাধারণ পরিষদ খ. নিরাপত্তা পরিষদ গ. অছি পরিষদ ঘ. অর্থনৈতিক ও সামাজিক পরিষদ</p> <p>১৭. কমনওয়েলথের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কোনটি ?</p> <p>ক. যুক্তরাজ্য ও বাংলাদেশের মধ্যকার সম্পর্কের উন্নয়ন খ. যুক্তরাজ্য ও চীনের মধ্যকার সম্পর্কের উন্নয়ন গ. চীন ও বাংলাদেশের মধ্যে অর্থনৈতিক উন্নয়ন ঘ. বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে কূটনৈতিক সম্পর্ক জোরদার</p>	<p>নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:</p> <p>জন ‘ক’ দেশের নাগরিক। তার দেশের ভিন্ন ভিন্ন এলাকায় পৃথক সরকার রয়েছে। সরকারগুলো তাদের এলাকার চাহিদার ভিত্তিতে নিজেদের ইচ্ছামত পরিচালিত হয়। অন্যদিকে জন এর বন্ধু তাকাসু তার দেশে একটি সাবানের কারখানা স্থাপন করতে চাইলে কর্তৃপক্ষের অনুমতি পাননি। কারণ তার দেশে কোন ব্যক্তি ইচ্ছা করলেও এ ধরনের উদ্যোগ নিতে পারে না।</p> <p>১৮. জনের দেশে কোন ধরনের সরকার ব্যবস্থা বিদ্যমান?</p> <p>ক. সমাজতান্ত্রিক খ. এককেন্দ্রিক গ. একনায়কতান্ত্রিক ঘ. যুক্তরাষ্ট্রীয়</p> <p>১৯. তাকাসুরের রাষ্ট্রের বৈশিষ্ট্য হলো-</p> <p>i. ভোগের স্বাধীনতা ii. রাষ্ট্রের ইচ্ছাই জনগণের ইচ্ছা iii. শ্রমিকের ন্যায্য মজুরি</p> <p>নিচের কোনটি সঠিক ?</p> <p>ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii</p> <p>২০. কোনটি পার্বত্য জেলা পরিষদের কাজ ?</p> <p>ক. ভূমি ও ভূমি ব্যবস্থাপনা খ. জন্ম-মৃত্যু নিবন্ধীকরণ গ. পারিবারিক বিরোধ নিরসন ঘ. ইউনিয়ন পরিষদের কাজের সমন্বয়</p> <p>২১. ‘পারিবারিক ও সম্পত্তি আইন’ মূলত আইনের কোন উৎস থেকে এসেছে ?</p> <p>ক. প্রথা খ. ধর্ম গ. ন্যায়বোধ ঘ. আইনসভা</p>
---	---

নিচের উদ্দীপকটি পড় এবং ২২ ও ২৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:

নিশিপুর গ্রামে একটি প্লাস্টিক কারখানা স্থাপিত হয়। সেখানে কিছু যুবক তাদের নেতাকে নিয়ে চাঁদার জন্য মালিককে অস্ত্রের মুখে জিম্মি করে। খবর পেয়ে পুলিশ নিয়ে ম্যাজিস্ট্রেট সেখানে পৌঁছে যুবকদের গ্রেফতার করেন। কিন্তু প্লাস্টিক এর বর্জ্য আশপাশের এলাকায় যত্রতত্র ফেলার কারণে ম্যাজিস্ট্রেট মালিককে জরিমানা করেন এবং আইন মেনে কারখানা চালাতে মালিককে সতর্ক করেন।

২২. উদ্দীপকে যুবকদের কাজ কোন ধরনের সম্ভ্রাস?

- ক. অপরাধীদের দ্বারা সংগঠিত
- খ. রাজনৈতিক
- গ. আদর্শভিত্তিক
- ঘ. রাষ্ট্রীয়

২৩. উদ্দীপকে ম্যাজিস্ট্রেটের এই ধরনের কার্যক্রমে -

- i জনগণের সচেতনতা বাড়বে
- ii কর্মসংস্থান বৃদ্ধি পাবে
- iii কৃষিজ উৎপাদন বৃদ্ধি পাবে

নিচের কোনটি সঠিক ?

- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

২৪. ইউনিয়ন পরিষদে সংরক্ষিত মহিলা আসন রাখার মূল উদ্দেশ্য কোনটি ?

- ক. নারীর ক্ষমতায়ন নিশ্চিত করা
- খ. আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধি করা
- গ. আইনী সহায়তার সুযোগ সৃষ্টি করা
- ঘ. নারীর প্রতি সংহিসতা প্রতিরোধ করা

নিচের উদ্দীপকটি পড় এবং ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:

‘ক’ রাষ্ট্রের সরকার সেই দেশে মটর সাইকেলে তিনজন আরোহন নিষিদ্ধ করে। একজন প্রভাবশালী ব্যক্তির ছেলে রবিন উক্ত নিষেধাজ্ঞা অমান্য করলে ভ্রাম্যমান আদালত তাকে জরিমানা করে।

২৫. রবিনের মধ্যে নাগরিকের কোন গুণের অভাব রয়েছে?

- ক. বুদ্ধি
- খ. বিবেক
- গ. আত্মসংযম
- ঘ. সততা

২৬. কোনটি বাংলাদেশের সংবিধানের বৈশিষ্ট্য?

- ক. জনগণ কর্তৃক সরকার পরিবর্তন
- খ. পূর্বের রীতিনীতির উপর প্রতিষ্ঠিত
- গ. পরিবর্তনে কোনো জটিলতা নেই
- ঘ. নতুন অবস্থার সাথে সামঞ্জস্যপূর্ণ

২৭. ও আই সি এর উদ্দেশ্য কোনটি?

- ক. আন্তর্জাতিক বিবাদের মিমাংসা
- খ. শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তির আদান প্রদান
- গ. বিশ্বশান্তি, শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করা
- ঘ. বর্ণবৈষম্যবাদ ও উপনিবেশবাদ বিলোপ করা

২৮. এককেন্দ্রিক সরকারের গুণ হলো-

- i রাষ্ট্রকে অখন্ড সত্ত্বা মনে করা
- ii তৃণমূল পর্যায়ে যোগ্য নেতৃত্ব সৃষ্টি করা
- iii সরকারের ইচ্ছার দ্রুত বাস্তবায়ন

নিচের কোনটি সঠিক ?

- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

২৯. নাগরিকতা অর্জনের ক্ষেত্রে জন্মনীতি ও জন্মস্থান নীতি অনুসরণ করা হয় কোন দেশে?

- ক. গ্রীস
- খ. যুক্তরাজ্য
- গ. যুক্তরাষ্ট্র
- ঘ. অস্ট্রেলিয়া

৩০. বাংলাদেশে সংসদীয় গণতান্ত্রিক সরকার পুনঃপ্রতিষ্ঠিত হয় কত সালে ?

- ক. ১৯৮০
- খ. ১৯৮৬
- গ. ১৯৯০
- ঘ. ১৯৯১

বহুনির্বাচনি প্রশ্নের প্রকারভেদের উদাহরণ
বিষয় : পৌরনীতি ও নাগরিকতা **বিষয় কোড : ১৪০**

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন	
১. আধুনিককালে আইনের প্রধান উৎস কোনটি?	<p>ক. আইনবিদদের গ্রন্থ</p> <p>খ. বিচারকের রায়</p> <p>গ. আইনসভা</p> <p>ঘ. ন্যায়বোধ</p>
বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন	
২. নৈতিক অধিকার হলো-	<p>i. ভিক্ষকের ভিক্ষা পাওয়া</p> <p>ii. অসুস্থ রোগীর সেবা পাওয়া</p> <p>iii. নির্বাচনে ভোট দিতে পারা</p> <p>নিচের কোনটি সঠিক ?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>
অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন	
<p>নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:</p> <p>সীমা ও রহিম দু'জনেই নির্মাণ শ্রমিক। তারা প্রতিদিন ৮ ঘন্টা কাজ করে কিন্তু সীমাকে রহিমের সমান পারিশ্রমিক দেয়া হয় না। সীমা মালিকের কাছে সমান পারিশ্রমিকের দাবি জানালে মালিক তাতে রাজি হয়নি। সীমা বিষয়টি একজন মানবাধিকার কর্মীর কাছে জানালে তিনি তার প্রতিক্রিয়ায় বলেন “এ ধরনের আচরণ সমাজে ভেদাভেদ সৃষ্টি করবে এবং মানুষের বিভিন্নমুখী প্রতিভা বাধাগ্রস্ত হবে”।</p> <p>৩. উদ্দীপকের সীমা কোন স্বাধীনতা থেকে বঞ্চিত?</p> <p>ক. ব্যক্তি স্বাধীনতা</p> <p>খ. অর্থনৈতিক স্বাধীনতা</p> <p>গ. সামাজিক স্বাধীনতা</p> <p>ঘ. রাজনৈতিক স্বাধীনতা</p> <p>৪. মানবাধিকার কর্মীর প্রতিক্রিয়ার যৌক্তিকতা হলো-</p> <p>i নারী-পুরুষের বৈষম্য হ্রাস</p> <p>ii রাষ্ট্রীয় কর্মকাণ্ডে নারীর অংশগ্রহণ বৃদ্ধি</p> <p>iii নির্বাচনে নারীর অংশগ্রহণ বৃদ্ধি</p> <p>নিচের কোনটি সঠিক ?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/১১৪৮


তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪১৬
২২ নভেম্বর ২০০৯

পরিপত্র

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে দেশের ধর্মীয় ও জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দের নাম উদ্দীপকে (Stem) ব্যবহার করা হচ্ছে, এতে বিবর্তকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি রোধকল্পে সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা যাচ্ছে :

- (ক) পাঠ্যপুস্তকে রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম না থাকলে প্রশ্নে উদ্দীপক হিসেবে রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ব্যবহার করা যাবে না।
- (খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতিকবাচকভাবে উপস্থাপন করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (ঘ) রাষ্ট্র বা জাতিকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (ছ) ধর্ম, তীর্থস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (জ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি উদ্দীপক হিসেবে ব্যবহার করা যাবে না।
- (ঝ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অগ্রহণযোগ্য বিষয়সমূহ (যেমনঃ বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রণয়ন করা হলে প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।


(খন্দকার রাব্বির রহমান)
যুগ্ম-সচিব(মাধ্যমিক)
শিক্ষা মন্ত্রণালয়।

বিতরণ :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক (সকল)।
- ৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৭। জেলা শিক্ষা অফিসার (সকল) [জেলার সকল বিদ্যালয়, মাদ্রাসার সকল প্রধান শিক্ষক/সুপারটেন্ডেন্ট/অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ]

ক্রটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্ন
বিষয় : পৌরনীতি ও নাগরিকতা **বিষয় : ১৪০**

<p>১. রাষ্ট্র সৃষ্টির উৎপত্তি সংক্রান্ত সামাজিক চুক্তি মতবাদের বিষয়বস্তু কোনটি?</p> <p>ক. মানুষ প্রকৃতির রাজ্যে বসবাস করত খ. যুদ্ধ বিগ্রহের মাধ্যমে রাষ্ট্রের জন্ম হয় গ. বিধাতা নিজেই রাষ্ট্র সৃষ্টি করেছেন ঘ. বিবর্তনের মাধ্যমে রাষ্ট্রের সৃষ্টি হয়</p> <p>২. রাজনৈতিক দলের কাজ হলো-</p> <p>i. নতুন নেতা তৈরি করা ii. জনমতের প্রাধান্য দেয়া iii. জনমতের বিরোধীতা করা</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii</p> <p>৩. শাসন বিভাগের সম্মানিত পদ কোনটি?</p> <p>ক. রাষ্ট্রপতি খ. প্রধানমন্ত্রী গ. স্পীকার ঘ. প্রধান বিচারপতি</p> <p>৪. উত্তম সংবিধানের বৈশিষ্ট্য কোনটি?</p> <p>ক. মৌলিক অধিকারের স্বীকৃতি খ. জনমতের প্রতিফলন ঘটা গ. সংশোধন পদ্ধতির উল্লেখ থাকা ঘ. উপরের সবগুলোই সঠিক</p> <p>৫. দ্বিতীয় বিশ্বযুদ্ধের ধ্বংসলীলার পর বিশ্বশান্তির লক্ষ্যে যে সংস্থাটি প্রতিষ্ঠা করা হয়, সেটি হলো-</p> <p>ক. জাতিপুঞ্জ খ. জাতিসংঘ গ. কমনওয়েলথ ঘ. ওআইসি</p> <p>৬. কোন উপাদান না থাকলে রাষ্ট্র বহিঃশক্তির নিয়ন্ত্রণ মুক্ত থাকতে পারে না?</p> <p>ক. জনসমষ্টি খ. ভূ-খন্ড গ. সরকার ঘ. সার্বভৌমত্ব</p>	<p>৭. শ্রমিক সংগঠন নাগরিকের কোন ধরনের অধিকার?</p> <p>ক. নৈতিক খ. আইনগত গ. অর্থনৈতিক ঘ. রাজনৈতিক</p> <p>৮. মুসলিম আইন মূলত আইনের কোন উৎস থেকে এসেছে ?</p> <p>ক. সংবিধান খ. ধর্মগ্রন্থ গ. ন্যায়বোধ ঘ. আইনসভা</p> <p>৯. জাতীয় সংসদে কোরাম হওয়ার ন্যূনতম উপস্থিতি সংখ্যা কত?</p> <p>ক. ৫০ জন খ. ৬০ জন গ. ৩০০ জন ঘ. ৩৫০ জন</p> <p>১০. গণতন্ত্রকে সফল করার সর্বোৎকৃষ্ট উপায় কোনটি?</p> <p>ক. শিক্ষিত জনগোষ্ঠী তৈরি খ. সচেতন জনগোষ্ঠী তৈরি গ. অর্থনীতির সাম্য ঘ. গণতান্ত্রিক আচরণের প্রকাশ</p> <p>মৎস্য ব্যবসায়ী আজিজ মিয়া অধিক লাভের জন্য ফরমালিন দিয়ে মাছ সংরক্ষণ করেন।</p> <p>১১. আজিজ মিয়ার মধ্যে নাগরিকের কোন গুণের অভাব রয়েছে?</p> <p>ক. বুদ্ধি খ. বিবেক গ. আত্মসংযম ঘ. নৈতিকতা</p> <p>১২. কোনটি পরিবেশগত দুর্যোগ মোকাবিলায় করণীয় নয়?</p> <p>ক. বনায়নে উৎসাহিত করা খ. অবাধে পাহাড় কাটা গ. জৈব সার ব্যবহার করা ঘ. যেখানে-সেখানে আবর্জনা ফেলা</p>
---	--

<p>১৩. বাংলাদেশের রাষ্ট্রপতি -</p> <p>ক. দন্ডপ্রাপ্ত ব্যক্তি দন্ড মওকুফ</p> <p>খ. আন্তর্জাতিক চুক্তি সম্পাদন</p> <p>গ. মন্ত্রিসভার সদস্য সংখ্যা নির্ধারণ</p> <p>ঘ. মন্ত্রীদের মাঝে দণ্ডের বন্টন</p> <p>১৪. পরিবারের বিনোদনমূলক কাজ কোনটি?</p> <p>ক. সন্তানকে স্কুলে পাঠানো</p> <p>খ. নতুন ফসল ঘরে তোলা</p> <p>গ. স্বপরিবারে বেড়াতে যাওয়া</p> <p>ঘ. আইন প্রণয়ন করা</p> <p>১৫. জাতিসংঘ গঠনের মূল উদ্দেশ্য কোনটি?</p> <p>ক. জনজীবনের মানোন্নয়ন</p> <p>খ. সকল মানুষের সমান অধিকার প্রতিষ্ঠা</p> <p>গ. মানব সেবামূলক কাজে সহায়তাদান</p> <p>ঘ. উপরের কোনটিই সঠিক নয়</p>	<p>১৬. সংসদীয় সরকারের গুণ কোনটি?</p> <p>ক. স্থিতিশীল শাসন ব্যবস্থা</p> <p>খ. সংসদে বিরোধী দলকে গুরুত্বপূর্ণ মর্যাদা দান করা</p> <p>গ. জাতীয় প্রয়োজনে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা</p> <p>ঘ. ক্ষমতার স্বতন্ত্রীকরণ</p> <p>১৭. সংবিধানের কোন সংশোধনীতে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত হয়?</p> <p>ক. ১৫তম</p> <p>খ. ১৭তম</p> <p>গ. ১৩তম</p> <p>ঘ. ১২তম</p>
---	---

ক্রটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্নের শুদ্ধরূপ

বিষয় : পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড : ১৪০

ক্রটিযুক্ত রূপ	ক্রটিমুক্ত রূপ
উদ্দীপকে উদ্দীপনা সৃষ্টিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।	
১. শাসন বিভাগের সম্মানিত পদ কোনটি? ক. রাষ্ট্রপতি খ. প্রধানমন্ত্রী গ. স্পীকার ঘ. প্রধান বিচারপতি	১. শাসন বিভাগের সর্বোচ্চ সম্মানিত পদ কোনটি? ক. রাষ্ট্রপতি খ. প্রধানমন্ত্রী গ. স্পীকার ঘ. প্রধান বিচারপতি
উদ্দীপক সহজ ভাষায় এবং সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে।	
২. দ্বিতীয় বিশ্বযুদ্ধের ধ্বংসলীলার পর বিশ্বশান্তির লক্ষ্যে যে সংস্থাটি প্রতিষ্ঠা করা হয়, সেটি হলো- ক. জাতিপুঞ্জ খ. জাতিসংঘ গ. কমনওয়েলথ ঘ. ওআইসি	২. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর বিশ্বশান্তি প্রতিষ্ঠায় কোন সংস্থাটি প্রতিষ্ঠা করা হয়? ক. জাতিপুঞ্জ খ. জাতিসংঘ গ. কমনওয়েলথ ঘ. ওআইসি
উদ্দীপক অপ্রাসঙ্গিক উপাদানমুক্ত হবে।	
৩. রাষ্ট্র সৃষ্টির উৎপত্তি সংক্রান্ত সামাজিক চুক্তি মতবাদের বিষয়বস্তু কোনটি? ক. মানুষ প্রকৃতির রাজ্যে বসবাস করত খ. যুদ্ধ বিগ্রহের মাধ্যমে রাষ্ট্রের জন্ম হয় গ. বিধাতা নিজেই রাষ্ট্র সৃষ্টি করেছেন ঘ. বিবর্তনের মাধ্যমে রাষ্ট্রের সৃষ্টি হয়	৩. সামাজিক চুক্তি মতবাদের বিষয়বস্তু কোনটি? ক. মানুষ প্রকৃতির রাজ্যে বসবাস করত খ. যুদ্ধ বিগ্রহের মাধ্যমে রাষ্ট্রের জন্ম হয় গ. বিধাতা নিজেই রাষ্ট্র সৃষ্টি করেছেন ঘ. বিবর্তনের মাধ্যমে রাষ্ট্রের সৃষ্টি হয়
উদ্দীপকে প্রয়োজনীয় শব্দ অন্তর্ভুক্ত করতে হবে যাতে বিকল্প উত্তরগুলোতে কোন শব্দের পুনরাবৃত্তি না থাকে।	
৪. জাতীয় সংসদে কোরাম হওয়ার ন্যূনতম উপস্থিতি সংখ্যা কত? ক. ৫০ জন খ. ৬০ জন গ. ৩০০ জন ঘ. ৩৫০ জন	৪. জাতীয় সংসদে ন্যূনতম কতজন উপস্থিত থাকলে কোরাম হয়? ক. ৫০ খ. ৬০ গ. ৩০০ ঘ. ৩৫০
উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে।	
৫. কোন উপাদানের অভাব থাকলে রাষ্ট্র বহিঃশক্তির নিয়ন্ত্রণ মুক্ত থাকতে পারে না? ক. জনসমষ্টি খ. ভূ-খন্ড গ. সরকার ঘ. সার্বভৌমত্ব	৫. বহিঃশক্তির নিয়ন্ত্রণ মুক্ত থাকার জন্য রাষ্ট্রের কোন উপাদানটি প্রয়োজন? ক. জনসমষ্টি খ. ভূ-খন্ড গ. সরকার ঘ. সার্বভৌমত্ব
না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।	
৬. কোনটি পরিবেশগত দুর্যোগ মোকাবিলায় করণীয় নয়? ক. বনায়নে উৎসাহিত করা খ. অবাধে পাহাড় কাটা গ. জৈব সার ব্যবহার করা ঘ. যেখানে-সেখানে আবর্জনা ফেলা	৬. কোনটি পরিবেশগত দুর্যোগ মোকাবিলায় করণীয় নয়? ক. বনায়নে উৎসাহিত করা খ. অবাধে পাহাড় কাটা গ. জৈব সার ব্যবহার করা ঘ. যেখানে-সেখানে আবর্জনা ফেলা

উদ্দীপকে এমন কোন ইংগিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।	
৭. মুসলিম আইন মূলত আইনের কোন উৎস থেকে এসেছে? ক. সংবিধান খ. ধর্মগ্রন্থ গ. ন্যায়বোধ ঘ. আইনসভা	৭. 'পারিবারিক ও সম্পত্তি আইন' মূলত আইনের কোন উৎস থেকে এসেছে? ক. সংবিধান খ. ধর্মগ্রন্থ গ. ন্যায়বোধ ঘ. আইনসভা
নেতিবাচক ধারণা সৃষ্টি হয় এমন উদ্দীপক পরিহার করতে হবে।	
৮. মৎস্য ব্যবসায়ী আজিজ মিয়া অধিক লাভের জন্য ফরমালিন দিয়ে মাছ সংরক্ষণ করেন। আজিজ মিয়ার মধ্যে নাগরিকের কোন গুণের অভাব রয়েছে? ক. বুদ্ধি খ. বিবেক গ. আত্মসংযম ঘ. নৈতিকতা	৮. মৎস্য ব্যবসায়ী আজিজ মিয়া জেলেদের কাছ থেকে তাজামাছ সংগ্রহ করে ন্যায্যমূল্যে বিক্রি করেন। আজিজ মিয়ার মধ্যে নাগরিকের কোন গুণের পরিচয় লক্ষণীয়? ক. বুদ্ধি খ. বিবেক গ. আত্মসংযম ঘ. নৈতিকতা
বিকল্প উত্তরগুচ্ছ বিষয়বস্তু ও ব্যাকরণগত গঠনের দিক থেকে উদ্দীপকের সঙ্গে সংগতিপূর্ণ হবে।	
৯. গণতন্ত্রকে সফল করার সর্বোৎকৃষ্ট উপায় কোনটি? ক. শিক্ষিত জনগোষ্ঠী তৈরি খ. সচেতন জনগোষ্ঠী তৈরি গ. অর্থনীতির সাম্য ঘ. গণতান্ত্রিক আচরণের প্রকাশ	৯. গণতন্ত্রকে সফল করার সর্বোৎকৃষ্ট উপায় কোনটি? ক. শিক্ষিত জনগোষ্ঠী তৈরি খ. সচেতন জনগোষ্ঠী তৈরি গ. অর্থনৈতিক সাম্য প্রতিষ্ঠা ঘ. গণতান্ত্রিক আচরণের প্রকাশ
বিকল্প উত্তরগুচ্ছ উদ্দীপকের অসম্পূর্ণ বাক্যকে অর্থপূর্ণ করে তুলবে।	
১০. বাংলাদেশের রাষ্ট্রপতি - ক. দন্ডপ্রাপ্ত ব্যক্তি দন্ড মওকুফ খ. আন্তর্জাতিক চুক্তি সম্পাদন গ. মন্ত্রিসভার সদস্য সংখ্যা নির্ধারণ ঘ. মন্ত্রীদের মাঝে দণ্ডের বণ্টন	১০. বাংলাদেশের রাষ্ট্রপতি- ক. দন্ডপ্রাপ্ত ব্যক্তির দন্ড মওকুফ করতে পারেন খ. আন্তর্জাতিক চুক্তি সম্পাদন করতে পারেন গ. মন্ত্রিসভার সদস্য সংখ্যা নির্ধারণ করেন ঘ. মন্ত্রীদের মাঝে দণ্ডের বণ্টন করেন
পরীক্ষার্থী কর্তৃক (কমপক্ষে ৫%) বিকল্প উত্তরসমূহ নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকতে হবে।	
১১. পরিবারের বিনোদনমূলক কাজ কোনটি? ক. সন্তানকে স্কুলে পাঠানো খ. নতুন ফসল ঘরে তোলা গ. স্বপরিবারে বেড়াতে যাওয়া ঘ. আইন প্রণয়ন করা	১১. পরিবারের বিনোদনমূলক কাজ কোনটি? ক. সন্তানকে স্কুলে পাঠানো খ. নতুন ফসল ঘরে তোলা গ. স্বপরিবারে বেড়াতে যাওয়া ঘ. সন্তান লালন-পালন করা
বিকল্প উত্তরগুচ্ছ সংখ্যাবাচক হলে ক্রমানুযায়ী বিন্যাস করতে হবে।	
১২. সংবিধানের কোন সংশোধনীতে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত হয়? ক. ১৫তম খ. ১৭তম গ. ১৩তম ঘ. ১২তম	১২. সংবিধানের কোন সংশোধনীতে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত হয়? ক. ১২তম খ. ১৩তম গ. ১৫তম ঘ. ১৭তম
বিকল্প উত্তরগুচ্ছ দৈর্ঘ্য প্রায় সমান হতে হবে।	
১৩. সংসদীয় সরকারের গুণ কোনটি? ক. স্থিতিশীল শাসন ব্যবস্থা খ. সংসদে বিরোধী দলকে গুরুত্বপূর্ণ মর্যাদা দান করা গ. জাতীয় প্রয়োজনে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা ঘ. ক্ষমতার স্বতন্ত্রীকরণ	১৩. সংসদীয় সরকারের গুণ কোনটি? ক. স্থিতিশীল শাসন ব্যবস্থা খ. বিরোধী দলের মর্যাদা গ. দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ঘ. ক্ষমতার স্বতন্ত্রীকরণ

বিকল্প উত্তরসমূহের Mutually Exclusive পরিহার করতে হবে।	
<p>১৪. রাজনৈতিক দলের কাজ হলো-</p> <p>i. নতুন নেতা তৈরি করা</p> <p>ii. জনমতের প্রাধান্য দেয়া</p> <p>iii. জনমতের বিরোধীতা করা</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>	<p>১৪. রাজনৈতিক দলের কাজ হলো-</p> <p>i. নতুন নেতা তৈরি করা</p> <p>ii. জনমতের প্রাধান্য দেয়া</p> <p>iii. জনগণের স্বার্থ রক্ষা করা</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i ও ii</p> <p>খ. i ও iii</p> <p>গ. ii ও iii</p> <p>ঘ. i, ii ও iii</p>
বিকল্প উত্তরসমূহের Mutually Inclusive পরিহার করতে হবে।	
<p>১৫. শ্রমিক সংঘ গঠন নাগরিকের কোন ধরনের অধিকার?</p> <p>ক. নৈতিক</p> <p>খ. আইনগত</p> <p>গ. অর্থনৈতিক</p> <p>ঘ. রাজনৈতিক</p>	<p>১৫. শ্রমিক সংঘ গঠন নাগরিকের কোন ধরনের অধিকার?</p> <p>ক. নৈতিক</p> <p>খ. সামাজিক</p> <p>গ. অর্থনৈতিক</p> <p>ঘ. রাজনৈতিক</p>
বিকল্প উত্তরে 'উপরের সবগুলো সঠিক'-এমন বাক্য পরিহার করতে হবে।	
<p>১৬. উত্তম সংবিধানের বৈশিষ্ট্য কোনটি?</p> <p>ক. মৌলিক অধিকারের স্বীকৃতি</p> <p>খ. জনমতের প্রতিফলন ঘটানো</p> <p>গ. সংশোধন পদ্ধতির উল্লেখ থাকা</p> <p>ঘ. উপরের সবগুলোই সঠিক</p>	<p>১৬. উত্তম সংবিধানের বৈশিষ্ট্য কোনটি?</p> <p>ক. মৌলিক অধিকারের স্বীকৃতি</p> <p>খ. প্রথার উপর নির্ভরশীলতা</p> <p>গ. সরকারের মতের প্রাধান্য</p> <p>ঘ. সহজে পরিবর্তনযোগ্যতা</p>
বিকল্প উত্তরে 'উপরের কোনটিই সঠিক নয়'-এমন বাক্য পরিহার করতে হবে।	
<p>১৭. জাতিসংঘ গঠনের মূল উদ্দেশ্য কোনটি?</p> <p>ক. জনজীবনের মানোন্নয়ন</p> <p>খ. সকল মানুষের সমান অধিকার প্রতিষ্ঠা</p> <p>গ. মানব সেবামূলক কাজে সহায়তাদান</p> <p>ঘ. উপরের কোনটিই সঠিক নয়</p>	<p>১৭. জাতিসংঘ গঠনের মূল উদ্দেশ্য কোনটি?</p> <p>ক. জনজীবনের মানোন্নয়ন</p> <p>খ. সকল মানুষের সমান অধিকার প্রতিষ্ঠা</p> <p>গ. মানব সেবামূলক কাজে সহায়তাদান</p> <p>ঘ. বিশ্বশান্তি ও নিরাপত্তা নিশ্চিতকরণ</p>

পরিশিষ্ট: 'ঝ'

বহুনির্বাচনি প্রশ্নের নির্দেশক ছক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,....., বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
এসএসসি/দাখিল ২০২... খ্রিস্টাব্দ
বিষয়: পৌরনীতি ও নাগরিকতা বিষয় কোড: ১৪০

চিন্তন দক্ষতার স্তর	অধ্যায়										মোট প্রশ্ন সংখ্যা	%
	১ম	২য়	৩য়	৪র্থ	৫ম	৬ষ্ঠ	৭ম	৮ম	৯ম	১০ম		
উচ্চতর দক্ষতা												
প্রয়োগ দক্ষতা												
অনুধাবন দক্ষতা												
জ্ঞান দক্ষতা												
মোট												

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড-----/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড

পরীক্ষার নাম-----

২০২--- খ্রিস্টাব্দ

বিষয়: পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: ১৪০

বহুনির্বাচনি প্রশ্নের সঠিক উত্তর উপস্থাপনের নমুনা ছক

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১	
২	
৩	
৪	
৫	
৬	
৭	
৮	
৯	
১০	
১১	
১২	
১৩	
১৪	
১৫	

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১৬	
১৭	
১৮	
১৯	
২০	
২১	
২২	
২৩	
২৪	
২৫	
২৬	
২৭	
২৮	
২৯	
৩০	

সৃজনশীল প্রশ্নের উদাহরণ

বিষয় : পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড : ১৪০

১. জনাব শিহাব প্রতিবেশী জনাব করিমকে বললেন, "শুনলাম তোমার ৭ম শ্রেণির পড়ুয়া মেয়েকে বিয়ে দিচ্ছ।" জনাব করিম বলেন, "ভাল ছেলে পেয়েছি তাই আর দেবী করতে চাই না।" জনাব শিহাব বাড়ি ফিরে দেখলেন তার মেয়ে মিতালী শ্বশুর বাড়ি থেকে এসে মুখ ভার করে বসে আছে। তিনি মিতালীকে বললেন, "মন খারাপ কেন মা?" জবাবে সে বললো, "আপনার জামাইয়ের টাকা দিয়ে মায়ের জন্য একটি শাড়ি কিনেছি বলে শ্বাশুড়ি আমাকে বকাঝকা করে বাড়ি থেকে বের করে দিয়েছে।" পরবর্তিতে জনাব শিহাব মিতালীকে যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রে ভর্তি করে দেন।

- ক. খাদ্য নিরাপত্তা কাকে বলে? ১
- খ. শিক্ষা কিভাবে জনসংখ্যা বৃদ্ধি নিয়ন্ত্রণ করে? ব্যাখ্যা কর। ২
- গ. জনাব করিমের বক্তব্য বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির কোন কারণকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. মিতালীর ক্ষেত্রে যে নাগরিক সমস্যা ফুটে উঠেছে তা নিরসনে জনাব শিহাব এর পদক্ষেপটি বিশ্লেষণ করো। ৪

২. দৃশ্যপট-১: জনাব রকিব তার পাড়ার কয়েকটি পরিবার নিয়ে একটি সংগঠন প্রতিষ্ঠা করেন। তার সংগঠন প্রত্যেকটি পরিবারকে সমান মর্যাদার ভিত্তিতে নিজেদের মধ্যকার বিরোধ দূর করে সকলের উন্নয়নে কাজ করে।

দৃশ্যপট-২: X সংগঠনটিতে সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে সকল সদস্যের মতামতকে প্রাধান্য দেয়া হয়। সংগঠনটি নতুন সদস্য নির্বাচন করে এবং খরচ মেটানোর চাঁদা নির্ধারণ করে।

দৃশ্যপট-৩: Y সংগঠনটিতে যতজন সদস্য তার একতৃতীয়াংশ স্থায়ী। সংগঠনটি এলাকার বিভিন্ন বিরোধ মিমাংসা করে থাকে।

- ক. OIC কী? ১
- খ. কমনওয়েলথ গঠনের উদ্দেশ্য হলো সাবেক ব্রিটিশ শাসিত দেশ সমূহের মাঝে সহযোগীতা বৃদ্ধি করা- ব্যাখ্যা কর। ২
- গ. দৃশ্যপট-১ এর কর্মকাণ্ড কোন আন্তর্জাতিক সংস্থার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
- ঘ. দৃশ্যপট-২ ও দৃশ্যপট-৩ এর কর্মকাণ্ডে জাতিসংঘের যে সংস্থাসমূহের কাজের সাথে সাদৃশ্যপূর্ণ তা চিহ্নিত করে বিশ্ব শান্তি রক্ষায় কোনটি বেশি কার্যকরী? বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

চিত্র নং: ১	চিত্র নং: ২	চিত্র নং: ৩
		

- ক. তথ্য অধিকার আইন কি? ১
- খ. অধিকার কর্তব্যের মধ্যে নিহিত-ব্যাখ্যা কর। ২
- গ. ১ নং চিত্রটি কোন অধিকারের সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩
- ঘ. ২ ও ৩ নং চিত্রদুটিতে যে অধিকারসমূহ ফুটে উঠেছে তা চিহ্নিত করে মূল্যবোধ ও মানসিক বিকাশে কোনটিকে তুমি অধিকতর গুরুত্বপূর্ণ বলে মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪. দৃশ্যকল্প-১ : রাশেদ সাহেব ‘শ্যামলীমা’ নামক একটি সংস্থার মালিক। ‘নির্দেশনা’ ও ‘পরিবর্তন’ ইত্যাদি নামে সংস্থাটির আরো ৩০টি শাখা রয়েছে যা একজন করে পরিচালকের মাধ্যমে পরিচালিত হয়। ‘নির্দেশনা’ শাখাটির পরিচালক একটি হাসপাতাল নির্মাণের প্রস্তাব দেয়। কিন্তু রাশেদ সাহেবের একার সিদ্ধান্তে প্রস্তাবটি বাতিল করে দেন।

দৃশ্যকল্প-২ : অন্যদিকে বাসার সাহেব ‘অধিকার’ নামক অনুরূপ একটি সংস্থার মালিক। ‘আলো’ ও ‘দিপাঞ্চল’ ইত্যাদি নামে তার সংস্থাটির অনেকগুলো শাখা রয়েছে। ‘দিপাঞ্চল’ শাখার পরিচালক তার অঞ্চলে বিশ গাছ লাগানোর জন্য নিয়মানুযায়ী নিজেরাই বাজেট অনুমোদন করে কাজটি সম্পন্ন করেন।

- ক. সংসদীয় সরকার কী? ১
- খ. গণতান্ত্রিক রাষ্ট্রে নাগরিকগণ কিভাবে প্রকৃত ক্ষমতার অধিকারী? ব্যাখ্যা করো। ২
- গ. রাশেদ সাহেবের “শ্যামলীমা” সংস্থার কাজের সাথে কোন ধরনের সরকারের কাজের মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. ‘অধিকার’ নামক সংস্থাটির প্রকৃতির সাথে যে সরকার ব্যবস্থার মিল রয়েছে তা বাংলাদেশের সরকারের প্রকৃত প্রতিচ্ছবি? বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৫. তাহমিনা তার ছেলে হাবিবকে প্রতিদিন সকাল থেকে ঘুম থেকে উঠায়। কারো সাথে দেখা হলে সালাম দিতে বলেন। সবসময় সত্য কথা বলতে বলেন। একদিন সহপাঠি রফিকের বাড়ি গিয়ে হাবিব দেখল যে, রফিকের মা-বাবা বাঁশ দিয়ে ঝাড়ি তৈরি করছে। পাশেই হাঁস ও মুরগি পালন করছে। অন্যদিকে, গ্রীষ্মের ছুটিতে হাবিব ও রফিক তাদের সহপাঠি ফরিদের জন্মদিনের অনুষ্ঠানে তার মা-বাবার গল্প ও গান শুনে মুগ্ধ হয়। ছুটির দিনে ফরিদ তার মা-বাবার সাথে নাটক দেখতে যায়।

- ক. সমাজ কাকে বলে? ১
- খ. সার্বভৌমত্বকে রাষ্ট্রের চূড়ান্ত ক্ষমতা বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
- গ. তাহমিনার কর্মতৎপরতা পরিবারের কোন কাজকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. রফিক এবং ফরিদের মা-বাবার কাজের সাথে পরিবারের যে সকল কার্যাবলীর মিল রয়েছে তা চিহ্নিত করে কোন কাজটিকে তুমি অধিকতর গুরুত্বপূর্ণ বলে মনে করো? বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৬. রহমান সাহেব দীর্ঘদিন ধরে ‘ক’ দেশে অবস্থান করে ঐ দেশের নাগরিক মার্টিনাকে বিয়ে করেন। রহমান সাহেব সে দেশের ভাষায় দক্ষতা অর্জন করায় সেখানে একটি গুরুত্বপূর্ণ পদে চাকুরী পান। সম্প্রতি সেই দেশের একটি নির্বাচনে রহমান সাহেব ভোট দেন। রহমান সাহেবের বাংলাদেশের বন্ধু শফিক সাহেব তার কন্যা রাইমাকে নিয়ে ‘খ’ দেশে গমন করেন। সেখানে তার পুত্র সন্তান সাদের জন্ম হয়। স্কুলে ভর্তি ও চিকিৎসা ক্ষেত্রে রাইমা সাদের মতো সুযোগ-সুবিধা পায়না। বয়স আঠার বছর হলে সাদ ‘খ’ দেশের ভোটার হলেও রাইমা হতে পারেনি। তবে রাইমা বাংলাদেশের নির্বাচনে ভোট দিয়াছে।

- ক. নাগরিক কাকে বলে? ১
- খ. সকল সূনাগরিকই নাগরিক কিন্তু সকল নাগরিক সূনাগরিক নয়-ব্যাখ্যা করো। ২
- গ. রহমান সাহেবের ঘটনাটি নাগরিকতা অর্জনের কোন পদ্ধতির সাথে সঙ্গতিপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
- ঘ. “রাইমা ও সাদের প্রেক্ষাপট নাগরিকতা অর্জনের একাধিক পদ্ধতিকে নির্দেশ করে”- বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৭. ১ম বন্ধু: আমার বাবা একটি সংস্থায় নির্বাচিত প্রতিনিধি। সংস্থাটি বছরের আয় ব্যয়ের হিসাব উপস্থাপন ও আলোচনার মাধ্যমে তা পাশ করে। তিনি তার সংস্থার নিয়মে পরিবর্তনের দাবী জানালে তা বেশীরভাগ সহকর্মীর সমর্থনে অনুমোদিত হয়।

২য় বন্ধু: আমার বাবা একজন সরকারি কর্মকর্তা। মিথ্যা তথ্য প্রচারের কারণে গতকাল তিনি একটি সংবাদপত্রের নিবন্ধন বাতিল করেছেন।

৩য় বন্ধু: আমার বাবাও একজন সরকারি কর্মকর্তা। একজন এতিম শিশুর সম্পত্তি তার চাচা ভোগ দখল করে রাখলে তিনি তাকে তার অফিসে উপস্থিত হতে নির্দেশ দেন এবং সম্পত্তি ফিরিয়ে দেয়ার আদেশ দেন।

ক. সুপরিবর্তনীয় সংবিধান কী? ১

খ. সচিবালয়কে প্রশাসনের কেন্দ্রবিন্দু বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. ১ম বন্ধুর বক্তব্যে বাংলাদেশ সরকারের কোন বিভাগের চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ২য় বন্ধু ও ৩য় বন্ধুর বক্তব্যে সরকারের যে দুটি বিভাগের কথা বলা হয়েছে তার মধ্যে নাগরিকের মৌলিক অধিকার রক্ষায় কোনটি অধিকতর কার্যকর? বিশ্লেষণ করো। ৪

৮. দৃশ্যকল্প-১: মিসেস সাবিনা ‘ক’ নামক একটি সমিতির সহসভাপতি পদে কর্মরত আছেন। নির্বাচনের সময় আরো একজন পুরুষ সহসভাপতি নির্বাচিত হয়েছেন। মিসেস সাবিনার সমিতি ১০ কি.মি. রাস্তার দুপাশে গাছ লাগিয়েছেন। তার সমিতি এলাকার বেকার যুবকদের নকশীকাঁথা ও বেতের মোড়া তৈরির প্রশিক্ষণ প্রদান করে।

দৃশ্যকল্প-২: জনাব জাহিদ ‘খ’ নামক একটি সংস্থার সভাপতি নির্বাচিত হয়েছেন যেটিতে তিনজন নারী সদস্য থাকার নিয়ম আছে। সংস্থাটি সম্প্রতি কয়েকটি গ্রামে রাস্তা তৈরি করেছেন এবং যুবকদেরকে মাছ চাষের ট্রেনিং দিয়েছেন।

দৃশ্যকল্প-৩: জনাব কামাল তার সংস্থার অধীনস্থ সদস্যদের ভোটে ‘গ’ নামক একটি সংস্থার সদস্য নির্বাচিত হয়েছেন। সংস্থাটি একজেলা থেকে আরেক জেলা পর্যন্ত রাস্তা নির্মাণ এবং বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা তৈরি করে সরকারের কাছে প্রস্তাব প্রেরণ করেন।

ক. নির্বাচন কী? ১

খ. গোপন ভোটদান পদ্ধতি গুরুত্বপূর্ণ কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এ যে স্থানীয় সরকারের চিত্র ফুটে উঠেছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. দৃশ্যকল্প-২ ও দৃশ্যকল্প-৩ এ যে সব স্থানীয় সরকারের চিত্র ফুটে উঠেছে সে গুলো চিহ্নিত করে কোনটি নেতৃত্ব বিকাশে অধিকতর ভূমিকা রাখে? বিশ্লেষণ করো। ৪

সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর
বিষয় : পৌরনীতি ও নাগরিকতা **বিষয় কোড : ১৪০**

৪.

দৃশ্যকল্প-১ : রাশেদ সাহেব 'শ্যামলীমা' নামক একটি সংস্থার মালিক। 'নির্দেশনা' ও 'পরিবর্তন' ইত্যাদি নামে সংস্থাটির আরো ৩০টি শাখা রয়েছে যা একজন করে পরিচালকের মাধ্যমে পরিচালিত হয়। 'নির্দেশনা' শাখাটির পরিচালক একটি হাসপাতাল নির্মাণের প্রস্তাব দেয়। কিন্তু রাশেদ সাহেবের একার সিদ্ধান্তে প্রস্তাবটি বাতিল করে দেন।

দৃশ্যকল্প-২ : অন্যদিকে বাসার সাহেব 'অধিকার' নামক অনুরূপ একটি সংস্থার মালিক। 'আলো' ও 'দিপাঞ্চল' ইত্যাদি নামে তার সংস্থাটির অনেকগুলো শাখা রয়েছে। 'দিপাঞ্চল' শাখার পরিচালক তার অঞ্চলে বিশ হাজার গাছ লাগানোর জন্য নিয়মানুযায়ী নিজেসই বাজেট অনুমোদন করে কাজটি সম্পন্ন করেন।

- ক. সংসদীয় সরকার কী? ১
- খ. গণতান্ত্রিক রাষ্ট্রে নাগরিকগণ কিভাবে প্রকৃত ক্ষমতার অধিকারী? ব্যাখ্যা করো। ২
- গ. রাশেদ সাহেবের "শ্যামলীমা" সংস্থার কার্যক্রমের সাথে কোন ধরনের সরকারের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. 'অধিকার' নামক সংস্থাটির প্রকৃতির সাথে যে সরকার ব্যবস্থার মিল রয়েছে তা বাংলাদেশের সরকারের প্রকৃতি প্রতিচ্ছবি-বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

১ (ক) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্নের ক্রমিক নং	দক্ষতা	বরাদ্ধকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১ (ক)	জ্ঞান	১	১	সংসদীয় সরকার এর ধারণা লিখতে পারলে।
			০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তর : শাসন বিভাগের স্থায়িত্ব ও কার্যকারিতা আইনবিভাগের উপর নির্ভরশীল তাকে সংসদীয় সরকার বলে।

১ (খ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্নের ক্রমিক নং	দক্ষতা	বরাদ্ধকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১(খ)	অনুধাবন	২	২	গণতান্ত্রিক রাষ্ট্রে জনগণ প্রকৃত ক্ষমতার অধিকারী তা ব্যাখ্যা করতে পারলে।
			১	গণতান্ত্রিক রাষ্ট্রের ধারণা লিখতে পারলে।
			০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তর : যে শাসনব্যবস্থায় রাষ্ট্রের শাসনক্ষমতা জনগণের হাতে ন্যস্ত তাকে গণতান্ত্রিক রাষ্ট্রে বলে। এই রাষ্ট্র ব্যবস্থায় শাসকগণ জনগণের প্রতিনিধি হিসেবে জনগণের নিকট দায়ী থাকে। তারা নির্বাচনে জয়ী হওয়ার জন্য জনগণের মতামতকে অধিক প্রাধান্য দেয়। এ শাসন ব্যবস্থা জনগণ নিয়মতান্ত্রিক পন্থায় সরকার পরিবর্তন করতে পারে। অতএব বলা যায় এ শাসন ব্যবস্থায় জনগণই প্রকৃত ক্ষমতার অধিকারী।

১ (গ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্নের ক্রমিক নং	দক্ষতা	বরাদ্দকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১(গ)	প্রয়োগ	৩	৩	এককেন্দ্রিক সরকার ধারণা ব্যাখ্যা করে উদ্দীপকের সাথে সম্পর্ক স্থাপন করতে পারলে।
			২	এককেন্দ্রিক সরকার ধারণা ব্যাখ্যা করতে পারলে।
			১	এককেন্দ্রিক সরকার চিহ্নিত করতে পারলে।
			০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তর : রাশেদ সাহেবের ‘শ্যামলীমা’ নামক সংস্থাটি এককেন্দ্রিক সরকারের ইংগিত বহন করে। যে শাসন ব্যবস্থায় সরকারের সকল ক্ষমতা কেন্দ্রীয় সরকারের হাতে ন্যস্ত থাকে এবং একটি কেন্দ্র থেকে দেশের শাসন পরিচালিত হয় তাকে এককেন্দ্রিক সরকার বলে। উদ্দীপকে রাশেদ সাহেব ‘শ্যামলীমা’ নামক একটি সংস্থার মালিক। ‘নির্দেশনা’ ও ‘পরিবর্তন’ ইত্যাদি নামে সংস্থাটির আরো ৩০টি শাখা রয়েছে যা একজন করে পরিচালকের মাধ্যমে পরিচালিত হয়। ‘নির্দেশনা’ শাখাটির পরিচালক একটি হাসপাতাল নির্মাণের প্রস্তাব দেয়। কিন্তু রাশেদ সাহেবের একার সিদ্ধান্তে প্রস্তাবটি বাতিল করে দেন। রাশেদ সাহেবের ‘শ্যামলীমা’ সংস্থার শাখাসমূহের সিদ্ধান্ত গ্রহণে নিজস্ব কোনো ক্ষমতা নেই। অতএব এই সংস্থাটি এককেন্দ্রিক সরকারের ইংগিত বহন করে।

১ (ঘ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্নের ক্রমিক নং	দক্ষতা	বরাদ্দকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১(ঘ)	উচ্চতর দক্ষতা	৪	৪	যুক্তরাষ্ট্র সরকারের ধারণা ব্যাখ্যা করে উদ্দীপকের সাথে সম্পর্ক স্থাপন পূর্বক বাংলাদেশের সরকারের প্রকৃতি অনুরূপ নয় তা বিশ্লেষণ করতে পারলে।
			৩	যুক্তরাষ্ট্র সরকারের ধারণা ব্যাখ্যা করে উদ্দীপকের সাথে সম্পর্ক স্থাপন করতে পারলে।
			২	যুক্তরাষ্ট্র সরকারের ধারণা ব্যাখ্যা করতে পারলে।
			১	যুক্তরাষ্ট্রীয় সরকার ব্যবস্থা চিহ্নিত করতে পারলে।
			০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তর : যুক্তরাষ্ট্র সরকার বলতে সেই ধরনের সরকারকে বোঝায়, যেখানে সাংবিধানিকভাবে রাষ্ট্রের কর্তৃত্ব ও ক্ষমতার কিছু অংশ প্রদেশ বা আঞ্চলিক সরকারের এবং জাতীয় বিষয়গুলি কেন্দ্রীয় সরকারের হাতে থাকে। উদ্দীপকে বাসার সাহেব ‘অধিকার’ নামক অনুরূপ একটি সংস্থার মালিক। ‘আলো’ ও ‘দিপাঞ্চল’ ইত্যাদি নামে তার সংস্থাটির অনেকগুলো শাখা রয়েছে। ‘দিপাঞ্চল’ শাখার পরিচালক তার অঞ্চলে বিশ হাজার গাছ লাগানোর জন্য নিয়মানুযায়ী নিজেস্ব বাজেট অনুমোদন করে কাজটি সম্পন্ন করেন। ‘অধিকার’ সংস্থার ‘দিপাঞ্চল’ শাখার কার্যক্রমের সাথে যুক্তরাষ্ট্রীয় সরকার ব্যবস্থার সাদৃশ্য রয়েছে। ‘অধিকার’ সংস্থায় কেন্দ্রীয় সরকার ও প্রদেশ বা আঞ্চলিক সরকারের অস্তিত্ব বিদ্যমান। বাংলাদেশের সরকার এককেন্দ্রিক প্রকৃতির হওয়ায় কেন্দ্র থেকে সব সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়ন করাই প্রশাসনিক অঞ্চলগুলোর কাজ। যুক্তরাষ্ট্রীয় সরকারে কেন্দ্র এবং প্রদেশের মধ্যে ক্ষমতার বিভাজন করা হয়। অতএব আমি মনে করি যে, অধিকার নামক সংস্থাটির প্রকৃতি ও বাংলাদেশের সরকারের প্রকৃতি একই রকম নয়।

সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের উদাহরণ
বিষয় : পৌরনীতি ও নাগরিকতা বিষয় কোড : ১৪০

- ১। পৌরনীতি কোন বিষয়বস্তুর উপর ভিত্তি করে আগামী জীবনের দিক নির্দেশনা প্রদান করে। ব্যাখ্যা করো।
- ২। পরিবার ও রাজনৈতিক দল পৌরনীতির বিষয়বস্তু কেন? ব্যাখ্যা করো।
- ৩। বাংলাদেশী মিসেস ফাতিমা কানাডা দূতাবাসে চাকুরী করেন। সম্প্রতি সেদেশে তার একটি সন্তান জন্ম গ্রহণ করে - মিসেস ফাতিমার সন্তানের নাগরিকত্বের ধরণটি ব্যাখ্যা কর।
- ৪। আইনের শাসন কীভাবে সাম্য প্রতিষ্ঠা করে? ব্যাখ্যা করো।
- ৫। সাম্য ও স্বাধীনতা পরস্পর পরিপূরক - ব্যাখ্যা করো।
- ৬। কোন ধরনের শাসন ব্যবস্থায় বিপ্লবের সম্ভাবনা থাকে? - ব্যাখ্যা করো।
- ৭। যুক্তরাষ্ট্রের সংবিধান সহজে পরিবর্তন করা যায়না কেন?
- ৮। বাংলাদেশে প্রধানমন্ত্রীকে সরকারের স্তম্ভ বলা হয় কেন? ব্যাখ্যা করো?
- ৯। গণতন্ত্রের বাহন রাজনৈতিক দল - ব্যাখ্যা করো।
- ১০। নির্বাচন কমিশনের স্বাধীনতা ও নিরপেক্ষতা জরুরী কেন?
- ১১। নারীর ক্ষমতায়নে স্থানীয় সরকারের ভূমিকা ব্যাখ্যা করো।
- ১২। নিরক্ষরতা দূরীকরণে ব্যক্তি উদ্যোগ কীভাবে ভূমিকা রাখে? ব্যাখ্যা করো।
- ১৩। পুষ্টি জ্ঞান খাদ্য নিরাপত্তায় সহায়ক ব্যাখ্যা করো।
- ১৪। মানুষের জীবনযাত্রার মানোন্নয়নে জাতিসংঘের কোন সংস্থাটি গুরুত্বপূর্ণ? - ব্যাখ্যা করো।
- ১৫। বিশ্ব শান্তি রক্ষায় বাংলাদেশের সামরিক বাহিনীর ভূমিকা ব্যাখ্যা করো।

সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর
বিষয় : পৌরনীতি ও নাগরিকতা **বিষয় কোড : ১৪০**

৩। বাংলাদেশী মিসেস ফাতিমা কানাডা দূতাবাসে চাকুরী করেন। সম্প্রতি সেদেশে তার একটি সন্তান জন্ম গ্রহণ করে - মিসেস ফাতিমার সন্তানের নাগরিকত্বের ধরণটি ব্যাখ্যা কর।

৩ নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্নের ক্রমিক নং	বরাদ্ধকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
১	২	২	দ্বৈত নাগরিকতা ধারণা ব্যাখ্যা করতে পারলে।
		১	দ্বৈত নাগরিকতা লিখতে পারলে।
		০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তর : বাংলাদেশী মিসেস ফাতিমার সন্তান দ্বৈত নাগরিক। জন্মসূত্রে নাগরিকতা অর্জনের দুটি নীতি জন্মনীতি ও জন্মস্থান নীতি থাকায় কোনো কোনো ক্ষেত্রে দ্বৈত নাগরিকতা হয়। কানাডায় নাগরিকতা অর্জনের জন্মস্থান নীতি কার্যকর থাকায় বাংলাদেশী মিসেস ফাতিমার সন্তান কানাডায় নাগরিকতা অর্জন করবে। মিসেস ফাতিমা বাংলাদেশী হওয়ায় তার সন্তান জন্মনীতি অনুযায়ী সে বাংলাদেশের নাগরিক।

১০। নির্বাচন কমিশনের স্বাধীনতা ও নিরপেক্ষতা জরুরী কেন?

